

Times Today BD

এসকে সোহেল | খুলনা | 08 April, 2025

ফিলিস্তিনের গাজা ও রাফায় ইসরায়েলি বাহিনীর হত্যাযজ্ঞের প্রতিবাদে মুখে কালো কাপড় বেঁধে বিক্ষোভ ও সমাবেশ কর্মসূচি পালন করেছে জাতীয়তাবাদী বাগেরহাট জেলা ছাত্রদল।

মঙ্গলবার (০৮ এপ্রিল) বেলা এগারোটায় বাগেরহাট সরকারি পি সি কলেজ প্রাঙ্গন থেকে একটি বিক্ষোভ মিছিল বের হয়ে বাগেরহাট শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কেন্দ্রীয় শহীদ মিনারে এসে শেষ হয়।

মিছিলে "ফিলিস্তিনের মুক্তি চাই", "ইসরায়েলি আগ্রাসন বন্ধ কর", "গণহত্যা বন্ধ কর" স্লোগানে রাজপথ প্রদক্ষিণ করে তোলেন ছাত্রদলের নেতা-কর্মীরা।

এসময় বাগেরহাট জেলা ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক আলী সাদ্দাম আহমেদ দ্বীপের সভাপতি বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। এসময় আরো উপস্থিত ছিলেন ছাত্রদল নেতা ফয়সাল মোর্শেদ, শেখ আল মামুন, আল ইমরান, শামিম শিকদার, রানা দিদার, মুন্না হোসাইন, এইচ, এম, নিয়ামুর, মোঃ রিয়াদ, শাওন, টুটুল, হাবিবুল্লাহ ওয়াহেদ হাবিব, আলী আজিম, শেখ সাগর, তরিকুল মল্লিক, ইমরান খান আবিদ, রিয়াদ, মিজান

, সার্জা, সামির, রথী, রোহিত, শামিম মুন্সি, জসিম মিনা, ফারহান মাসুকসহ ছাত্রদলের বিভিন্ন নেতা কর্মীরা।

বাগেরহাট জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক আলী সাদ্দাম আহমেদ দীপ বলেন, "ইসরায়েল দিনের পর দিন নিরীহ ফিলিস্তিনীদের উপর যে গণহত্যা চালাচ্ছে, তা কোনোভাবেই মেনে নেওয়া যায় না। বিশ্ব বিবেক আজ নীরব দর্শক। আমরা বাগেরহাট জেলা ছাত্রদল এর তীব্র নিন্দা জানাই এবং অবিলম্বে এই গণহত্যা বন্ধের দাবি জানাই।"

ছাত্রদল নেতা ফয়সাল মোর্শেদ বলেন, আমাদের সকলের উচিত ফিলিস্তিনের জনগণের পাশে দাঁড়ানো এবং ইসরায়েলের সকল পণ্য বয়কট করা। প্রয়োজনে ফিলিস্তিনের স্বাধীনতা রক্ষায় যুদ্ধ ঘোষণারও সময় এসেছে।

ছাত্রদল নেতা শেখ আল মামুন বলেন, আমরা শুধু প্রতিবাদ জানিয়েই ক্ষান্ত হবো না। ইসরায়েলের বিরুদ্ধে জনমত গঠনে জেলা ছাত্রদল শীঘ্রই ব্যাপক প্রচার প্রচারণা চালাবে। আমরা সাধারণ ছাত্র-ছাত্রীসহ সকলের কাছে ইসরায়েলের আসল চেহারা তুলে ধরব।

বক্তারা আরও বলেন, গাজা ও ফিলিস্তিনে গণহত্যা বন্ধে আন্তর্জাতিক সম্প্রদায়কে আরও কঠোর পদক্ষেপ নিতে হবে। একইসাথে তারা বাংলাদেশের সরকারকেও এই বিষয়ে জোরালো ভূমিকা রাখার আহ্বান জানান। জেলা ছাত্রদলের এই বিক্ষোভ ও সমাবেশ ইসরায়েলের বিরুদ্ধে বাগেরহাটের ছাত্র সমাজের তীব্র ক্ষোভের বহিঃপ্রকাশ ঘটায়। যারা পণ্য বয়কটের নামে লুটপাট করছে তাদের শাস্তির পাশাপাশি

কেউ এ ধরনের অপরাধ করলে ছাত্রদল তাদের প্রতিহত করবে।

গাজা ফিলিস্তিন ইসরায়েল হামাস নিউ ইয়র্ক জাতিসংঘ ডোনাল্ড ট্রাম্প বিশ্ব সংবাদ ইসরাইল ফিলিস্তিন যুদ্ধ,ইরান-ইসরায়েল উত্তেজনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 02:56

URL: <https://www.timestodaybd.com/khulna/494775807>